



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

তাং-২৮/০৪/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) পুলিশ ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০১ জন মাদক ব্যবসায়ী গ্রেফতার এবং চিকিৎসা দালাল চক্রের ০৩ সদস্য গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২

গত ২৭-০৪-২০২১খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর অতিঃ উপ পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন কর্মপরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় একাধিক অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ১০ পিস ইয়াবা উদ্ধারসহ ০১ মাদক ব্যবসায়ী গ্রেফতার এবং চিকিৎসা দালাল চক্রের ০৩ সদস্যসহ মোট ০৪ জন গ্রেফতার।

ঘটনা-১ : গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা বিভাগ এর পুলিশ পরিদর্শক(নিঃ) জনাব এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই নিঃ তছলিম উদ্দিন আহমেদ, এএসআই (নিঃ) মোঃ তৈবুর রহমান এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি রংপুর হাজিরহাট থানাধীন ১০ নং ওয়ার্ডস্থ বখতিয়ারপুর গ্রামে জনৈক মুহাম্মদ তোজাম্মেল হক (৪৫) এর তোজাম্মেল স্টোর নামক মুদি দোকানের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে অবৈধ মাদকদ্রব্য ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী মোঃ আলী হায়দার @ চাল্টু, পিতা- মৃত মজিবর রহমান, মাতা মোছাঃ আলিয়া বেগম, সাং- সিট কেলাবন্দ বখতিয়ার পুর উচাটারী, থানা- হাজির হাট, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে হাজিরহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের প্রক্রিয়াধীন।

ঘটনা-২ঃ গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) আই.এইচ. লাকু সরকার, এএসআই (নিঃ) মোঃ শাহেদুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্সের সহায়তায় আরপিএমপি কোতয়ালী থানাধীন ধাপ জেলরোডস্থ পপুলার-২ ও এ্যাপোলো ডায়াগনস্টিক সেন্টার, সেবা ডায়াগনস্টিক সেন্টার এর সামনে চলাচলের পাকা রাস্তার উপরে রোগী ও তাদের আত্মীয় স্বজনদের সাথে মারমুখি আচরন করার সময় ০৩ জন চিকিৎসা দালাল চক্রের সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদের নাম-

- ১। মোঃ খাইরুল ইসলাম (৫২), পিতা- মৃত আজিম উদ্দিন, সাং- ধাপ সর্দার পাড়া, থানা- কোতয়ালী,
- ২। মোঃ হেলাল মিয়া(৩৭), পিতা- মোঃ হোসেন আলী, সাং- উত্তম হাসনা বাজার ও
- ৩। মোঃ খোরসেদ আলম (৫০), পিতা- মৃত মনসুর আলী, সাং- নিয়ামত পাড়ার দিঘি, উভয় থানা- হাজিরহাট, সর্ব মহানগর, রংপুর।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।



২৮.০৪.২০২১

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১